



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ নভেম্বর' ২০২৩ খ্রি.

### হালিশহর থানা আওয়ামী লীগের শাস্তি ও উন্নয়ন সমাবেশে-ভারপ্রাপ্ত মেয়র বিএনপি-জামায়াত দেশকে ধ্বংস করার জন্য আগুন সন্ত্রাস ও নৈরাজ্যের আশ্রয় নিয়েছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটনের উদ্যোগে আজ রবিবার দুপুরে বিএনপি-জামায়াত চক্রের আন্দোলনের নামে অরাজকতা সৃষ্টির বিরুদ্ধে জনগনের জানমাল রক্ষায় হালিশহর থানা আওয়ামী লীগ নগরীর নয়াবাজার বিশ্বরোড চতুরে শাস্তি ও উন্নয়ন সমাবেশ সহ বিক্ষেপ মিছিলের আয়োজন করে।

শাস্তি ও উন্নয়ন সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটন বলেন, বিএনপি-জামায়াত দেশের উন্নয়নকে সহ্য করতে পারছে না। তারা দেশকে ধ্বংস করার জন্য আগুন সন্ত্রাস ও নৈরাজ্যের আশ্রয় নিয়েছে। আমাদের সকলকে এক্যবন্ধ থেকে তাদের এই ঘৃণ্য ঘড়্যন্ত মোকাবেলা করতে হবে। অঞ্চ সন্ত্রাসীদের সামাজিকভাবে বয়ক্ট করতে হবে। তিনি বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনে জননেত্রী শেখ হাসিনা'র বিজয় নিশ্চিত করে অসমাপ্ত কাজ সম্পন্ন করতে হবে।

শাস্তি সমাবেশে উপস্থিত ছিলেন চসিক কাউন্সিলর হরে আরা বিউটি, মহানগর সেচ্চাসেবক লীগের সাধারণ সম্পাদক আজিজুর রহমান আজিজ, আওয়ামী লীগ নেতা মাস্টিন উদ্দিন শাহ খোকন, শওকত আলী, সাইফুর রহমান পলাশ, দেলোয়ার হোসেন বাবলু, মনজুরুল আলম দুলাল, আবদুল মাল্লান খোকন, শাহেদ আলম সহ ওয়ার্ড আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, ছাইলীগ ও মহিলা লীগ নেতৃত্বে।

সমাবেশ শেষে বিক্ষেপ মিছিল নয়াবাজার মোড় হয়ে হালিশহর বড়পুল মোড়ে গিয়ে শেষ হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮